

তারিখ: ০৬/০৭/২০২৬ খ্রি.

২০২৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরম পূরণ করতে ইচ্ছুক পরীক্ষার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: ems.nu.ac.bd অথবা www.nu.ac.bd/online-form-fill-up.php থেকে রেজিস্ট্রেশন নম্বর ও চাহিত তথ্যাদি সঠিকভাবে এন্ট্রি দিয়ে প্রিন্টকপি সংগ্রহ এবং নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

শর্তাবলী:

- ১। অনলাইনে আবেদন ফরম পূরণ/সংগ্রহ করার সময়সীমা : ০৫/০৭/২০২৬ হতে ২৮/০৭/২০২৬ খ্রি.
- ২। (ক) নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থীর আবেদন ফরম ও Payslip স্ব-স্ব বিভাগে জমাদান: ২৬/০৭/২০২৬ হতে ২৮/০৭/২০২৬ খ্রি.
(খ) অকৃতকার্য/গ্রেডউল্লয়ন পরীক্ষার্থীর নির্ধারিত ফি ও আবেদন ফরম স্ব-স্ব বিভাগে জমাদান: ২০/০৭/২০২৬ হতে ২২/০৭/২০২৬ খ্রি.
- ৩। শুধু নিয়মিত/অনিয়মিত (পূর্বে ফরম পূরণ করেনি) পরীক্ষার্থীরা ০৫/০৭/২০২৬ হতে ২৮/০৭/২০২৬ খ্রি. তারিখের মধ্যে নিম্নোক্ত User Name এবং Password ব্যবহার করে ওয়েবসাইট: <https://rangamaticollege.eshiksaems.com> -এ Login করে নির্ধারিত ফি জমা দিতে হবে-
User Name: rangamatistudent এবং Password: rangamatistudent
(ক) Education Management System এর Pay through Sonali Pay অপশনে গিয়ে Session -এ 2023-2024, Class Roll/Admission Roll -এ নিয়মিত পরীক্ষার্থীর ক্ষেত্রে রেজিস্ট্রেশন নম্বর এন্ট্রি দিয়ে Connect Sonali Pay ক্লিক করতে হবে।
(খ) শিক্ষার্থী Sonali Payment Gateway ব্যবহার করে যেকোনো মাধ্যমে নির্ধারিত ফি পরিশোধ প্রক্রিয়া সম্পন্ন করতে পারবে।
(গ) তারপর শিক্ষার্থীকে Receipts Print ক্লিক করার পর Registration No এন্ট্রি দিয়ে Payslip ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে।

৪। অংশগ্রহণের যোগ্যতা:

- (ক) নিয়মিত: ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত যেসকল শিক্ষার্থী ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে, তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।
- (খ) অনিয়মিত: ২০২০-২০২১, ২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted পরীক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষা দিতে হবে না। তবে “F” গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিতে হবে।
- (গ) গ্রেড উল্লয়ন: যে সকল শিক্ষার্থী ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় প্রথম বারের মতো অংশগ্রহণ করে ৩য় বর্ষে Promoted হয়েছে, তারা শুধুমাত্র “C” বা “D” গ্রেডপ্রাপ্ত সর্বোচ্চ ২টি কোর্সে অংশগ্রহণ করতে পারবে। ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে “F” গ্রেড পেয়েছে তারা শুধুমাত্র “F” গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিতে পারবে।

৫। ফি বিবরণী:

বিষয়ের নাম	নিয়মিত/অনিয়মিত	অকৃতকার্য	গ্রেড উল্লয়ন
৬ পত্র (ইংরেজি)	২,৪৫০	৩,০৫০	--
৭ পত্র (বাংলা/ইতিহাস/ইসলামের ইতিহাস/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান)	২,৭৫০	৩,৩৫০	--
৬½ পত্র (পদার্থবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/গণিত)	৩,৫৫০	৪,১৫০	--
১ পত্র (ইংরেজি/বাংলা/ইতিহাস/ইসলামের ইতিহাস/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান)	--	--	১,৪০০
২ পত্র (ইংরেজি/বাংলা/ইতিহাস/ইসলামের ইতিহাস/দর্শন/রাষ্ট্রবিজ্ঞান/অর্থনীতি/ব্যবস্থাপনা/হিসাববিজ্ঞান)	--	--	১,৭০০
১ পত্র ব্যবহারিক ছাড়া (পদার্থবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/গণিত)	--	--	১,৪০০
১ পত্র ব্যবহারিক সহ (পদার্থবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/গণিত)	--	--	১,৮২৫
২ পত্র ব্যবহারিক সহ (পদার্থবিজ্ঞান/প্রাণিবিজ্ঞান/উদ্ভিদবিজ্ঞান/গণিত)	--	--	২,৫৫০
C. Promoted এক বা একাধিক পত্রে অনুপস্থিত	(জাতীয় বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা ফি+অন্তর্ভুক্তি ফি ১,৫০০) ও কলেজ প্রাপ্য ৬৫০		
২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের এক বা একাধিক পত্রে “F” গ্রেড	জাতীয় বিশ্ববিদ্যালয়ের সর্বমোট ফি ৫,০০০/- ও কলেজ প্রাপ্য ৬৫০		

(প্রফেসর মোহাম্মদ নাসিমুল হক)

অধ্যক্ষ

রাঙ্গামাটি সরকারি কলেজ

রাঙ্গামাটি পার্বত্য জেলা

০৬/০৭/২৬

বিতরণ:

- ১। উপাধ্যক্ষ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ২। সম্পাদক, শিক্ষক পরিষদ, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৩। বিভাগীয় প্রধান ----- (সকল বিভাগ), রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি।
তাকে পরীক্ষার্থীদের আবেদন ফরম ও Payslip আগামী ২৯/০৭/২০২৬ তারিখ হিসাব শাখায় জমাদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো;
- ৪। ক্যাশিয়ার/হিসাব সহকারী, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি;
- ৫। ডাটা এন্ট্রি অপারেটর, রাঙ্গামাটি সরকারি কলেজ, রাঙ্গামাটি। তাকে বিজ্ঞপ্তিটি কলেজের ওয়েবসাইটে প্রচার করার জন্য নির্দেশ দেয়া গেল;
- ৬। সংরক্ষণ নথি।